গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গবেষণা,প্রকাশনা ও মূল্যায়ণ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.২০.৯

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

বিষয়: **মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০২০-২০২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩২১.১৬.০০৪.২১.১১৬, তারিখ: ২৭-৬-২০২১ এবং ০৪.০০.০০০০.৩২১.১৬.০০৪.২১.১২০, তারিখ: ৩০-৬-২০২১ সংখ্যক পত্রদ্বয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন এবং কার্যক্রমের ছবি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) সেট ।

২০-৭-২০২১
ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব
ফোন: +৮৮০২ ৯৫১৪০৯৩
ফ্যাক্স: +৮৮০২ ৯৫১৪১১৩
ইমেইল: publication@msw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, রিপোর্ট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.২০.৯/১

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

২০-৭-২০২১
ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজকল্যাণ মন্ত্রণালয়** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা ০৬**

**প্রতিবেদনাধীন বছর : ২০২০-২১** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ ১৫ জুলাই ২০২১**

**(১) প্রশাসনিক**

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | ১২৬ | ৯৪ | ৩২ | ৪০ | ** সুপারনিউমারী পদ উপসচিব -০৪ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ১৩০৩৫ | ১০৮৩৩ | ২২০২ | | |
| **মোট** | **১৩১৫৯** | **১০৯২২** | **২২৩৭** | | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৫ | - | ৮৯ | ৫০৫ | ১২৮১ | ৩০৭ | ২১৮২ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

১.৫ অন্যান্য পদের তথ্য

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| | ৩৯৯ |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২১ | ৯১ | ১১২ | ৯৭ | ৩০১ | ৩৯৮ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ২২ | ১৩২ | ২২ | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |
| | | | | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগ সমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ১৫ | ২১.৫৩৫৯ | - | - | - | ১৫ | ২১.৫৩৫৯ |
| ২। | সমাজসেবা অধিদফতর আগারগাঁও ঢাকা। | ৭৮৫ | ৫২.১২ | ৫৪ | ৬০৯ | ১২.১২ | ২২৫ | ৭৫.৫০ |
| ৩। | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | ১৭ | ৩.৮৪ | ০৭ | -- | -- | ১৭ | ৩.৮৪ |
| ৪। | জাতীয় সমাজকল্যাণ পরিষদ | ০৮ | ২৯.০৬৯৮ | ০৫ | - | - | ৮ | ২৯.০৬৯৮ |
| ৫। | শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট | - | - | - | - | - | - | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬। | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) | - | - | - | - | - | - | - |
| ৭। | নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | - | - | - | - | - | - | - |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২০-২১) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৮৯ | ০১ | ১০ | ১০ | ২১ | ১১৪ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/ স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| --- | ২৮ টি | -- | ২৮ টি | -- |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগীয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৮৩ টি | ৫,২৪৫ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২০-২১) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা : ২০২০-২১ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই নথি, আইসিটি ও দফতর ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ের উপর বিভিন্ন পর্যায়ের সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দফতর/সংস্থার ৩৮৭৭ জন কর্মকর্তা-কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

(ক) প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা : নেই।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না : প্রযোজ্য নয়।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৪ | ৪৬৫ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত)

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে লেন (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়েন (WAN) আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কম্পিউটার প্রশিক্ষিত কর্মকর্তা | কম্পিউটার প্রশিক্ষিত কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৯২ টি | হ্যাঁ | হ্যাঁ | না | ৫২৪ জন | ৩,৬৩০ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগ পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: প্রযোজ্য নয়।

**৯.১ প্রতিবেদনাধীন অর্থবছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা :**

৯.২ প্রতিবেদনাধীন অর্থবছরে গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

- ২০২০-২১ অর্থবছরে সমাজসেবা অধিদফতরের মাধ্যমে ৪৯ লক্ষ জনকে বয়স্কভাতা, ২০.৫০ লক্ষ জনকে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, ১৮.০০ লক্ষ জনকে অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, ০১ লক্ষ জন প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এবং ১ লক্ষ জনকে বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট প্রদান করা হয়েছে। এছাড়াও দগ্ধ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি ও ক্যান্সার, কিডনি ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচীতে অর্থ প্রদান করা হয়েছে।
- গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস "নগদ" ও "বিকাশ" এর মাধ্যমে ভাতা বিতরণ কার্যক্রম শুভ উদ্বোধন করেন। Mobile Financial

Service (MFS) প্রতিষ্ঠান 'নগদ' এবং ''বিকাশ'' এর মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এর অর্থ উপকারভোগীদের নিকট G2P পদ্ধতিতে বিতরণ করা হয়েছে।

- ২০২০-২১ অর্থবছরে মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস "নগদ" এর মাধ্যমে ৩৯টি জেলা এবং "বিকাশ" এর মাধ্যমে ২৩টি জেলার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে বিতরণ করা হয়েছে।
- ২১টি জেলার ৭৭ টি উপজেলার (কিশোরগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ সকল উপজেলা) এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ২০১৭-১৮ অর্থবছর হতে বায়োমেট্রিক পদ্ধতিতে সরাসরি ১২ লক্ষ ৮৮ হাজার জনকে ভাতা প্রদান করা হচ্ছে।
- ২০২০-২১ অর্থবছরে সর্বাধিক দারিদ্র্যপ্রবণ ১১২ টি উপজেলায় নীতিমালা অনুযায়ী সকল দরিদ্র, প্রবীণ নাগরিকদের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাকে ভাতা কর্মসূচির আওতায় আনা হয়েছে। এ লক্ষ্যে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ৫ লক্ষ এবং বিধবা ভাতাভোগীর সংখ্যা ৩ লক্ষ ৫০ হাজার জন বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত ৮ লক্ষ ৫০ হাজার ভাতাভোগী Management Information System (MIS) ব্যবহার করে G2P পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ অনুযায়ী সারা দেশে অতিরিক্ত ১ লক্ষ জনসহ সর্বমোট ১৮ লক্ষ প্রতিবন্ধী ব্যক্তিকে G2P পদ্ধতির মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রমে আনা হয়েছে।
- ৩০ জুন/২০২১ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ৮৮ লক্ষ ৫০ হাজার জন (বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি) উপকারভোগীর মধ্যে প্রায় ৮৭ লক্ষ ৬৩ হাজার জন ভাতাভোগীর মোবাইল ও ব্যাংক হিসাবে ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে।
- হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে হাসপাতালে আগত গরীব, অসহায় ও দুঃস্থ রোগীদের বিনামূল্যে ঔষধ, রক্ত, বস্ত্র, ক্রাচ, হুইলচেয়ার, কৃত্রিম অঙ্গ প্রভৃতি সেবা প্রদান করা হয়েছে। আর্থিক ও সামাজিকভাবে উপকারভোগী রোগীর সংখ্যা ০৫ লক্ষ ৯১ হাজার ৯২ জন।
- প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে প্রবেশনে মুক্তি/জামিন পেয়েছে ০১ হাজার ২৭৫ জন এবং আফটার কেয়ার কার্যক্রমের আওতায় উপকৃতের সংখ্যা ০৫ হাজার ৯০৮ জন।
- সমাজসেবা অফিসার/সমমান ১ম শ্রেণীর পদে ৮৭ জন এবং ৪র্থ শ্রেণীর পদে ২৬৯ জনকে নব নিয়োগ প্রদান করা হয়েছে। সহকারী পরিচালক হতে উপপরিচালক পদে ১৫ জনকে পদোন্নতি প্রদানসহ ৯১ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং ২২২ টি অস্থায়ী পদ স্থায়ীকরণ করা হয়েছে।
- ডাক্তার কর্তৃক শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তিগণের তথ্যসমূহ যথাযথভাবে সংরক্ষণ এবং সংরক্ষিত তথ্যের আলোকে প্রতিবন্ধী ব্যক্তিগণের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকল্পে পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে Disability Information System শিরোনামে একটি অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি করা হয়েছে। গত ৫/১/২০১২ তারিখে অনলাইন অ্যাপ্লিকেশন সফটওয়্যারটির কার্যক্রম শুরু হয়েছে। ০১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত এই

ডাটাবেজ সফটওয়ার সিস্টেমে ৩ লক্ষ ৬৬ হাজার ৩১৩ জন প্রতিবন্ধী ব্যক্তির তথ্য সন্নিবেশ করা হয়েছে। এ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২২ লক্ষ ৯৬ হাজার ৪৮০ জন।

- সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত বিভিন্ন ভাতা কার্যক্রম বাস্তবায়ন সহজতর করার লক্ষ্যে ওয়েববেজ্‌ড Management Information System (MIS) তৈরির কাজ সম্পন্ন হয়েছে। গত ৫/১/২০১৬ হতে Management Information System (MIS) এর কার্যক্রম শুরু হয়েছে। সর্বশেষ ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত এই ডাটাবেজ সফটওয়ার সিস্টেমে প্রায় ৮৭ লক্ষ ৬৩ হাজার জন সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় সুবিধাভোগী ব্যক্তির তথ্য সন্নিবেশ করা হয়েছে।
- Financial Aid Management System (FAMS) সফটওয়্যার এর মাধ্যমে ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তার জন্য অনলাইনে আবেদন করা যায়। এ কর্মসূচিটি সেপ্টেম্বর/২০১৭ সালে শুরু হয়। অনলাইন আবেদন লিঙ্ক www.welfaregrant.gov.bd।
- সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের শহর সমাজসেবা কার্যক্রমের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে এই ই-সেবা প্রদান করা হয়। এ কর্মসূচিটি জানুয়ারি/২০১৮ সালে শুরু হয়।
- ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে মাইলফলক ই-ফাইলিং। সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দফতর/সংস্থার সকল কার্যালয়সহ সকল বিভাগ, জেলা, উপজেলা ও অন্যান্য ইউনিট অফিসসমূহ ই-ফাইলিং এর মাধ্যমে দাফতরিক কাজ সম্পন্ন করছে ।
- মাল্টিমিডিয়া টকিং বই এবং ই- লার্নিং সেন্টারঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে এটুআই প্রোগ্রাম, বেসরকারি সংস্থা ইপ্সা এবং সমাজসেবা অধিদফতর কর্তৃক যৌথভাবে দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল বই এর পাশাপাশি মাল্টিমিডিয়া টকিং বই এর ব্যবস্থা করা হয়। এই টকিং বই ব্যবহারের পাইলটিং প্রক্রিয়া সম্পন্নের জন্য সমাজসেবা অধিদফতরের ৪ টি পিএইচটি সেন্টার, ১ টি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় এবং ইআরসিপিএইচ, টঙ্গী , গাজীপুরে ১ টিসহ মোট ০৬ টি লার্নিং সেন্টার স্থাপন করা হয়েছে।
- ন্যাশনাল ওয়েব পোর্টাল ফ্রেমওয়ার্কের আঙ্গিকে মন্ত্রণালয়াধীন দফতর/সংস্থার নিজস্ব ওয়েবসাইট চালু করা হয়েছে। ওয়েবসাইটে বিভিন্ন কর্মকান্ডের সামগ্রিক উপস্থাপনা রয়েছে।
- মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের অধীনে জাতীয় সমাজসেবা একাডেমির প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নিবন্ধন এখন অনলাইনে সম্পাদিত হয়। এছাড়া জাতীয় সমাজসেবা একাডেমির আবাসিক হোস্টেল এর সীট বুকিং ও বরাদ্দও এখন অনলাইনে করা হচ্ছে।
- সরকারি কাজে দ্রুত ও নিরাপদভাবে তথ্য আদান-প্রদানের জন্য সমাজসেবা অধিদফতরাধীন সকল পর্যায়ের কর্মকর্তা এবং কার্যালয়ভিত্তিক ডাটা এন্ট্রি অপারেটরদের জন্য নিজস্ব ডোমেইন বেজড ওয়েব মেইল ব্যবহার করা হচ্ছে।
- মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের আর্থিক ব্যবস্থাপনা কার্যক্রমকে স্বচ্ছ ও শক্তিশালী করার লক্ষ্যে বর্তমানে মাঠপর্যায়ের ১০৩২টি কার্যালয়ের বাজেট চাহিদা নিরূপণ ,আগামী ০৩ বছরের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ নির্ণয়ের কাজটি বর্তমানে 'ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম"(fms.dss.gov.bd) এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ অক্টোবর ২০১৬ গণভবন থেকে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এ কলকরণ এবং সেন্টার এজেন্টের সাথে কথোপকথনের মাধ্যমে চাইল্ড হেল্পলাইন ১০৯৮ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু নির্যাতন, শিশু পাচার ইত্যাদি

শিশু অধিকার ও শিশুর সামাজিক সুযোগ সুবিধা নিশ্চিতকরণে সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় সেবা প্রদান করা হচ্ছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এ কল গ্রহণের সংখ্যা ৫ লক্ষ ৫৯ হাজার ১৯৯।

- সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়ের প্রবেশদ্বার ও অভ্যন্তরে ০২ টি ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে সেবাপ্রত্যাশীদের সেবা সম্পর্কে অবহিতকরনের সুবিধার্থে সিটিজেন চার্টার, সরকারি সেবা সম্বলিত টিভিসি, জিঙ্গেল এবং ডকুমেন্টারি প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।
- ICT & e-Governance শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের মধ্য দিয়ে প্রতি জেলায় ০২ (দুই) জন করে ICT ফোকাল পারসন প্রস্তুত করা হয়েছে। যা স্ব স্ব জেলা/বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে ই-ফাইলিং, ওয়েবসাইট, ই-সার্ভিস সিস্টেম ব্যবহার জোরদার হবে।
- সকল কর্মকর্তাদের তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অংশীজনের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
- নাগরিক সেবা সহজীকরণ উদ্ভাবনী কার্যক্রম বিকাশের লক্ষ্যে ১০টি উদ্ভাবনী উদ্যোগ বাছাই করা হয়েছে। সংশ্লিষ্ট উদ্ভাবনী উদ্যোগসমূহ তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। এছাড়া সেবা সহজীকরণ উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি শীর্ষক ০২ দিন ব্যাপী ০২টি কর্মশালা আয়োজন করা হয়েছে।
- বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে প্রতি সপ্তাহে নিবাসী দিবস পালন করা হচ্ছে। এছাড়া অভিভাবক এবং নিবাসীদের মধ্যে স্কাইপে ভিডিও কনফারেন্স করা হচ্ছে। এ কার্যক্রম চলমান থাকবে।
- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা বাস্তবায়নের জন্য ৯ টি টিভিসি (প্রতিটি ১ মিনিট) যথা- সামাজিক নিরাপত্তা, প্রতিবন্ধিতা/অটিজম কার্যক্রম, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও সুদমুক্ত ক্ষুদ্রঋণ সংক্রান্ত টিভিসি প্রস্তুতপূর্বক ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হয়েছে।
- মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের মাঠপর্যায়ের কার্যালয়সমূহের কার্যক্রমের বিস্তারিত তথ্যাবলি ডিজিটালি ডকুমেন্টেশনের সুবিধার্থে সমাজকল্যাণ বার্তার অনলাইন পোর্টাল DSS Bulletin স্থাপন করা হয়েছে।
- বিভিন্ন দিবস উপলক্ষে সামগ্রিক কার্যক্রম সম্বলিত লিফলেট মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।
- মন্ত্রণালয়াধীন দফতর/সংস্থার সরকারি সেবা কার্যক্রম সংশ্লিষ্ট ১৮ টি স্টিকার বিল বোর্ড স্থাপন করা হয়েছে।
- ইউটিউবে সরকারি সেবা কার্যক্রমের ভিডিও আপলোড করা হয়েছে।
- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জনপ্রশাসন কাজের গতিশীলতা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দফতর/সংস্থায় Innovation Team গঠন করা হয়েছে। Innovation Team এর কার্যক্রম চলমান রয়েছে।
- সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় G2P পদ্ধতিতে ভাতাভোগীদের ভাতা প্রদানের লক্ষ্যে হিসাব খোলায় উদ্বুদ্ধ করতে ০৬টি বেসরকারি টিভি চ্যানেলে অন এয়ার ক্যাম্পেইন এর মাধ্যমে প্রচার করা হয়েছে।
- G2P পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে ভাতাভোগীদের উদ্বুদ্ধকরণ, ভোগান্তি নিরসন ও সতর্কতামূলক গণ বিজ্ঞপ্তি ০৩টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচার, দেশব্যাপি মাইকিং ও অন্যান্য মাধ্যমে ব্যাপক প্রচারণা করা হয়েছে।

- পল্লী সমাজসেবা (আর এস এস) কার্যক্রম এর আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম খাতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ৭৫ কোটি টাকা বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। বরাদ্দকৃত টাকা ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

- দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ১ কোটি ৮২ লক্ষ টাকা বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। বরাদ্দকৃত টাকা ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

- পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম খাতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ১৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত টাকা ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

- ২০২০-২০২১ অর্থবছরে 'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠির পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক কর্মসূচিতে ৫(পাঁচ) কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থ দ্বারা ৩৮ টি জেলায় ভিক্ষুক পুনর্বাসনের নিমিত্তে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। জেলা পর্যায়ে সুবিধাভোগীর সংখ্যা ২৮৫০ জন। ঢাকা শহরের ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকাসমূহ ভিক্ষুকমুক্ত রাখার লক্ষ্যে নিয়মিত মাইকিং, বিজ্ঞাপন, এবং ৩৫টি বিভিন্ন স্থানে নষ্ট হয়ে যাওয়া স্টিল স্ট্যান্ডবোর্ড মেরামত/নতুন স্থাপন করা হয়েছে। ঢাকা শহরের ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকাসমূহে ২০২০-২০২১ অর্থবছরে ২০টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২০০ জন পেশাদার ভিক্ষুক আটক করা হয়। যাদের মধ্যে ৬৯ জনকে সরকারী আশ্রয়কেন্দ্রে বিভিন্ন মেয়াদে আটক রেখে প্রশিক্ষণ প্রদান ও পুনর্বাসন করা হয়। অবশিষ্ট ১৩১ জনকে পরিবারে পুনর্বাসন করা হয়। এই কর্মসূচি ২০১০-২০১১ অর্থবছরে কার্যক্রম শুরু হয়। এছাড়া বর্তমানে যুগোপযোগী নীতিমালা প্রণয়নসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

- বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পে প্রান্তিক জনগোষ্ঠী বলতে দেশের পিছিয়ে পড়া সেসব পেশাজীবীগোষ্ঠীকে বুঝাবে, যারা বংশগতভাবে বিভিন্ন আদি পেশা, যথা: কামার, কুমার, নাপিত, বাঁশ-বেত পণ্য, কাঁশা-পিতল সামগ্রী, জুতা মেরামত (মুচি), বাদ্যযন্ত্র, নকশী কাঁথা, লোকজযন্ত্র, শিতলপাটি-শতরঞ্জী তৈরিসহ এ ধরনের সনাতন পেশার সাথে সম্পৃক্ত। মূল প্রকল্পটি মোট ৮ টি জেলার ৮২ টি উপজেলায় বাস্তবায়নের জন্য প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ৪৮৫৫.৭০ লক্ষ টাকা যা ২য় সংশোধনীর মাধ্যমে ২৭ টি জেলার ১১৭ টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে ৭০৮৪.২২ লক্ষ টাকায় বৃদ্ধি করা হয়। প্রকল্পটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৭ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত হয় এবং পরবর্তীতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত ২য় সংশোধনীর মাধ্যমে মেয়াদ বৃদ্ধি করা হয়।

- দেশের ৬৪ জেলায় শহর সমাজসেবা কার্যালয়ের পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দেশের অদক্ষ জনগোষ্ঠীকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করে SDG লক্ষমাত্রা অর্জন এবং দেশে-বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা অনুসারে দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে সরকার ঘোষিত ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশের পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে দেশের তরুণ সম্প্রদায়কে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩ টি ট্রেডে ৩৬০ ঘন্টা ৩ (তিন) মাস, ৬ (ছয়) মাসের বেসিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বছরে প্রায় ২৫(পঁচিশ) হাজার জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ পর্যন্ত প্রায় ২,৮৯,৮৪১ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করে দক্ষ জনশক্তিতে রূপান্তরীত হয়ে আত্ম কর্মসংস্থানের সুযোগ লাভ করেছে।
- ২০২০-২১ অর্থবছরে শহর সমাজসেবা কাযক্রম পরিচালিত ক্ষুদ্রঋণ খাতে ১০ (দশ) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম জানুয়ারি-জুন, জুলাই-ডিসেম্বর সেশনে সফটওয়ার ভিত্তিক পরিচালিত হচ্ছে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ও সরকার কর্তৃক সময় নির্ধারিত পদ্ধতিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

- ২০২০-২০২১ অর্থবছরে তৃতীয় শ্রেণীর কর্মচারিদের ৭৫টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে মোট ১ হাজার ৯৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের ৬টি (ঢাকা, খুলনা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

- মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের সরকারের প্রশিক্ষণ নীতির আলোকে ভবিষ্যৎ চ্যালেঞ্জ হিসেবে প্রত্যেক কর্মচারিকে বছরে ৫০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- ২০২০-২১ অর্থবছরে ৪৯১ টি সংস্থাকে নিবন্ধন প্রদান করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে নিবন্ধন ফি ও ভ্যাট বাবদ রাজস্ব আদায় ২৮ লক্ষ ২৩ হাজার ২৫০ টাকা। ২০২০-২১ অর্থবছরে একাধিক জেলায় কার্যক্রম বাস্তবায়ন করে এমন ৭৯টি সংস্থার কার্যনির্বাহী কমিটি অনুমোদন দেয়া হয়। ২০২০-২১ অর্থবছরে ৪৫টি সংস্থাকে একাধিক জেলায় কার্যক্রম বাস্তবায়ন করার জন্য সম্প্রসারণ আদেশ দেয়া হয়। ২০২০-২১ অর্থবছরে ৫০টি সংস্থাকে নামের ছাড়পত্রের অনাপত্তি প্রদান করা হয়। ২০২০-২১ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম মনিটরিং জোরদারকরণের নিমিত্ত বিভিন্ন জেলায় ২৫ টি সংস্থা পরিদর্শন করা হয়।

- জাতীয় সমাজসেবা দিবস, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস, প্রবীণ দিবস, বিশ্ব অটিজম সচেতনতা দিবস, বিশ্ব সাদাছড়ি দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবসসহ বিভিন্ন দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

- সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সকল দফতর/সংস্থাসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখা, জীবাণুমুক্তকরণ, সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা ও ঢাকনাযুক্ত ময়লার বিন স্থাপন নিশ্চিত করা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সকল দফতর/সংস্থাসমূহে প্রবেশমুখে আগত সেবাগ্রহীতাদের জন্য টেম্পারেচার গান ও জীবাণুনাশক টানেল স্থাপন করা হয়েছে। সকল শিশু পরিবারসহ আবাসিক প্রতিষ্ঠান ও ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত নিবন্ধিত বেসরকারি এতিমখানায় কোয়ারেন্টাইন কক্ষ স্থাপন, খাদ্য মেন্যুতে ভিটামিন সি যুক্ত ট্যাবলেট, লেবু-পানি যুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ৮৫টি সরকারি শিশু পরিবারে ইনফ্রারেড থার্মোমিটার ও পালস অক্সিমিটার ক্রয়ের জন্য ০৮ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ভার্চুয়াল আদালতের মাধ্যমে আইনের সংস্পর্শে/সংঘাতে জড়িত শিশুর জামিন নিশ্চিত করা হয়েছে। কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকিহ্রাসে বিভিন্ন দিবস উদযাপন সীমিত পরিসরে অনুষ্ঠান নিশ্চিতকরণ এবং যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। কোভিড-১৯ মোকাবেলায় হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে হাসপাতালে ভর্তিকৃত ও বহির্বিভাগে আগত রোগীদের ঔষধ/মাস্ক/হ্যান্ড স্যানিটাইজার/পথ্য ইত্যাদি প্রদানের মাধ্যমে এ পর্যন্ত ১ লক্ষ ৫৮ হাজার ৩৮৩ জনকে ১১ কোটি ৬৫ লক্ষ ৬৭ হাজার ৬৯৬/- টাকা সহায়তা প্রদান করা হয়েছে।

- ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের মোট আর্থিক সহায়তা কর্মসুচির আওতায় ২০২০-২১ অর্থবছরে সুবিধাভোগীর সংখ্যা ৩০,০০০ জন এবং বাজেট ১৫০.০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

- জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ৪০ টি মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে ৩১ মার্চ ২০২১ পর্যন্ত ৪৬৬৪৬ জনকে নিামূল্যে থেরাপি সেবা দেয়া হয়েছে। ১০৩ টি সেবা কেন্দ্রের মাধ্যমে ৯,৯৪,৩৩৭ জনকে থেরাপি সেবা প্রদান করা

হয়েছে এবং অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে সাইক্লোজিজ এর মাধ্যমে ৩১৭৭ জনকে পরামর্শ সেবা প্রদান করা হয়েছে।

- জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক প্রতিবন্ধী ৭২২৮ জন শিশুদের বিশেষ শিক্ষা প্রদান করা হয়েছে এবং পিতৃ-মাতৃহীন অসহায় প্রতিবন্ধী ২৪জন শিশুদের লালন-পালনসহ পুর্নবাসন করা হয়েছে।
- জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে কর্মরত ২৬৯টি বেসরকারি সংগঠনের মাঝে ১ কোটি ৫২ লক্ষ ৭৫ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধীদের মাধ্যমে ১২১৫১ টি সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে।
- বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে ৯২৯১ জন ব্যক্তিকে আর্থিক সহায়তা এবং ৪৪৪৫টি প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করা হয়েছে। প্রাকৃতিক দূর্যোগ খাত হতে ২০৫০ টি কম্বল ক্রয় করে বিতরণ করা হয়েছে। প্রাকৃতিক দূর্যোগ খাত হতে ৩ লক্ষ ৩০ হাজার মাস্ক ক্রয় করে ৬৪টি জেলায় বিতরণ করা হয়েছে। প্রাকৃতিক দূর্যোগত খাত হতে ১৫টি অক্সিজেন সিলিন্ডার ক্রয় করে বিতরণ করা হয়েছে।
- শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) ২০২০-২০২১ অর্থবছরে ৬,০০০ (ছয় হাজার) বোতল উৎপাদন ক্ষমতাসম্পন্ন 'মুক্তা ড্রিংকিং ওয়াটারের বাজার সম্প্রসারণ, আধুনিকায়ন ও টেকসই উন্নয়নের লক্ষ্যে সম্পূর্ণ অটোমেশন প্লান্ট ক্রয় ও প্রতিস্থাপন' শীর্ষক কর্মসূচীটি নির্ধারিত সময়ের মধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে। এই অটোমেশন প্লান্ট স্থাপন কর্মসূচিটি মুক্তা পানির বাজার সম্প্রসারণ প্রতিবন্ধী ব্যক্তিদের অধিক কর্মসংস্থান ও প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নের ক্ষেত্রে একটি মাইলফলক।
- শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক/শিল্প বিষয়ক প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষ মানব সম্পদে রূপান্তর করে বর্তমান সরকারের বিগত ১২(বার) বছরে ২,০০০ (দুই হাজার) প্রতিবন্ধী ব্যক্তিকে মৈত্রী শিল্পসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী মৈত্রী শিল্পের মুক্তা ড্রিংকিং ওয়াটার ও মৈত্রী প্লাস্টিক পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ৮ বিভাগীয় শহরে মৈত্রী শিল্পের ৮টি শাখা/শোরুম-কাম সেলস সেন্টার গড়ে তোলার কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। মৈত্রী শিল্পের পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে রাজধানী ঢাকাসহ দেশের প্রতিটি জেলা মুক্তা ড্রিকিং ওয়াটারের ডিলার/ পরিবেশক নিয়োগ করা হয়েছে।
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে কোভিড-১৯ সংক্রমণ কালে বে-সরকারি উৎস হতে অস্বচ্ছল এনডিডি ব্যক্তিদের ৪০৯২টি পরিবারের মাঝে ১১,১১৭টি প্যাকেট খাদ্য সহায়তা ও ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ১৬৭৩টি অস্বচ্ছল এনডিডি পরিবারকে শাড়ি, লুঙ্গি ও নগদ একহাজার টাকা করে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। ৮টি ব্যাচে ২৪০ জন এনডিডি বিদ্যালয়সমূহের শিক্ষকগণকে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৬টি ব্যাচে ১৮০জন এনডিডি শিশু/ব্যক্তির মাতা-পিতা/অভিভাবকগণকে গৃহভিত্তিক যত্ন পরিচর্যা বিষয়ে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **"মুজিববর্ষ" এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি:**

১. **বঙ্গবন্ধু কর্ণার স্থাপন:** স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুকে স্মরণ করে স্বপ্নের সোনার বাংলা গড়া ও জনগণের অধিকার সুপ্রতিষ্ঠার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সকল দফতর/সংস্থাসমূহে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। স্থাপিত মুজিব কর্ণারে বঙ্গাবন্ধু সম্পর্কিত বই, আলোক চিত্র, চিত্রকর্ম, পোস্টার, স্মরণিকা, স্মারকগ্রন্থ, প্রমাণ্যচিত্র/ তথ্যচিত্র, বঙ্গাবন্ধু সংশ্লিষ্ট কাগজ, দলিলাদি, স্বাধীনতার বিভিন্ন স্মারক সংরক্ষণ, বিভিন্ন সময়ে প্রকাশিত বই-পুস্তক, বঙ্গাবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থসহ বিভিন্ন পত্রের প্রতিলিপি এবং মুজিববর্ষের লগোসমৃদ্ধ বিভিন্ন স্মারক স্থাপনপূর্বক আকর্ষণীয় ও তথ্য দ্বারা সমৃদ্ধকরণ করা হয়েছে।

২. **বঙ্গাবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী এর ব্রেইলবুক প্রকাশনা:** জাতির পিতার জীবন ও আদর্শ দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে লালনের প্রয়াসে বঙ্গাবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) প্রকাশনা উৎসব করার জন্য ১০০ সেট আত্মজীবনী (১ সেট আত্মজীবনী ৬ কপি হিসেবে মোট ৬০০ কপি) ব্রেইল বই মুদ্রণ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে গত ০৫ অক্টোবর ২০২০ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বইয়ের মোড়ক উন্মোচন করেছেন। বঙ্গাবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) বিতরণের প্রক্রিয়া চলমান রয়েছে।

৩. **বাংলাদেশের সকল প্রতিবন্ধীকে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান:** মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর সংখ্যা ১৮ লক্ষ জনে এবং উক্ত খাতে মোট বাজেট এর পরিমাণ ১৬২০.০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

৪. **দরিদ্র প্রতিবন্ধীদের মাঝে বিনামূল্যে সহায়ক উপকরণ বিতরণ:** দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক যেমন: হুইল চেয়ার, সাদাছড়ি, হিয়ারিং এইড ইত্যাদি উপকরণ বিতরণ করা হয়েছে এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে অস্বচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক উপকরণ ৭৭৪০টি হুইল চেয়ার, ৩১৬৫ টি স্মার্ট হোয়াইট ক্যান এবং ১০৩০ টি হিয়ারিং এইড বিতরণ করা হয়েছে ।

৫. **প্রতিবন্ধিতা বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থাকরণ:** প্রতিবন্ধিতা বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) তে কর্মসংস্থান করা হয়। প্রতিবন্ধীদের উৎপাদিত 'মুক্তা' পানি এবং বিভিন্ন প্লাষ্টিক সামগ্রী বাজারজাত করা হয়ে থাকে। প্রতিবন্ধীদের অধিকতর কর্মসংস্থান ও জীবনমান উন্নয়নে এক নতুন দিগন্তের উম্মোচন হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক প্রতিশ্রুতি ও তাঁর দূরদৃষ্টি সম্পন্ন সিদ্ধান্তের ফলে প্রতিষ্ঠানটির আমূল পরিবর্তন ও সংস্কারের মধ্য দিয়ে শারীখরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আজ প্রতিবন্ধীবান্ধব একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

